গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
রাজশাহী জেলা কার্যালয়, রাজশাহী

স্মারক নং ঃ ২৬.০৪.৮১০০.৫০২.৩২.০০৬.১৮-২১৫ তারিখ ঃ ২৩ জুলাই ২০১৮

**বিষয় ঃ ইটভাটা তদারকি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের নিমিত্ত ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ প্রতিরোধের লক্ষ্যে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক রাজশাহী মহানগর ও রাজশাহী জেলার অধীন উপজেলাসমূহে বিভিন্ন পণ্য উৎপাদনকারী, বিক্রয়কারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালিত হচ্ছে। তদারকিমূলক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ইট ভাটা পরিদর্শনে দেখা গেছে যে, ভাটাগুলোতে ইট তৈরীর ক্ষেত্রে Bangladesh Standard SPECIFICATION FOR COMMON BUILDING CLAY BRICKS (3rd Revision)-এ নির্ধারিত the standard dimensions of common burnt clay bricks এর আকার অনুযায়ী ইট প্রস্তুত করা হচ্ছে না, ফলে সাধারণ ভোক্তাগণ প্রতারিত হচ্ছেন। Bangladesh Standard Testing Institution (বিএসটিআই) কর্তৃক স্ট্যান্ডার্ড ইটের মাপ নিম্নরূপভাবে নির্ধারিত (BDS 208:2009):

| ইটের স্ট্যান্ডার্ড পরিমাপ (ভেরিয়েশনসহ) | | নেইম ব্লকের ব্যাপ্তি (সর্বোচ্চ) | |
|---|---|---|---|
| দৈর্ঘ্য | ২৪ সেন্টিমিটার (২৩.৪ হতে ২৪.৬ সেন্টিমিটার) | দৈর্ঘ্য | ১৩ সেন্টিমিটার |
| প্রস্থ | ১১.৫ সেন্টিমিটার (১০.৫ হতে ১১.৫ সেন্টিমিটার) | প্রস্থ | ৫ সেন্টিমিটার |
| উচ্চতা | ৭ সেন্টিমিটার (৬.৮ হতে ৭.২ সেন্টিমিটার) | উচ্চতা | ১ সেন্টিমিটার |

২। স্ট্যান্ডার্ড ইটের মাপ অপেক্ষা কম পরিমাপে ইট তৈরী করার কারণে ভোক্তা সাধারণ একাধারে প্রতিশ্রুত পণ্য যেমন পাচ্ছে না তেমনি আর্থিক ক্ষতিরও শিকার হচ্ছেন। এছাড়া নেইমব্লকের ব্যাপ্তি বেশি হলে ইট পরিমাপে কম হবে, ইটের সহনশীলতা কম হবে; ফলে স্থাপনার স্থায়িত্ব কমে যাবে। এই ধরণের কর্মকান্ড ভোক্তার অধিকার লঙ্ঘণের শামিল যা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩। রাজশাহী মহানগর ও রাজশাহী জেলার অধীন উপজেলাসমূহে অবস্থিত সকল ইটভাটাসমূহকে বিএসটিআই কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড ইটের মাপ অনুযায়ী ইট প্রস্তুত করতে এবং ইতোমধ্যে স্ট্যান্ডার্ড ইটের মাপ অপেক্ষা কম পরিমাপের প্রস্তুতকৃত ইট আগামী ৩১ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে ভাটা হতে অপসারণ করতে অনুরোধ করা হলো।

৪। এমতাবস্থায়, যথারীতি ০১ সেপ্টেম্বর ২০১৮ তারিখ হতে ইট ভাটাসমূহে জনস্বার্থে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক তদারকি কার্যক্রম পরিচালিত হবে এবং তদারকি কার্যক্রম পরিচালনাকালে কোনো রুপ ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ পরিলক্ষিত হলে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

A [signature] 23/07/2018

(অপূর্ব অধিকারী)
সহকারী পরিচালক
ফোনঃ ০৭২১-৭৭৫৪৬৩
ই-মেইলঃ ad-rajshahi@dncrp.gov.bd

স্বত্বাধিকারী
.........................................................................
.........................................................................রাজশাহী।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, রাজশাহী।
৫। পুলিশ সুপার, রাজশাহী।
৬। পরিচালক, বিএসটিআই, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
৭। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
৯। উপজেলা নির্বাহী অফিসার, বাঘা/পবা/বাগমারা/মোহনপুর/তানোর/দূর্গাপুর/চারঘাট/পুঠিয়া/গোদাগাড়ী উপজেলা, রাজশাহী।
১০। অফিস কপি।